কর্মবিরতির ১৮ দিন: আশ্বাস পেয়ে কাজে ফিরছেন স্বাস্থ্য সহকারীরা

চেম্বার ডেস্ক:: পদোন্নতিসহ বেতন-গ্রেড বৃদ্ধির দাবি পূরণের আশ্বাস পেয়ে দীর্ঘ ১৮ দিনের কর্মবিরতি শেষে সোমবার (১৪ ডিসেম্বর) থেকে কাজে ফিরছেন স্বাস্থ্য সহকারীরা। তবে দেশজুড়ে আগামী ২৪ জানুয়ারি পর্যন্ত হাম-রুবেলা ক্যাম্পেইন চলাকালীন আশ্বাসের বাস্তবায়ন না হলে আবারও লাগাতার কর্মবিরতিতে যাবেন বলেও জানিয়েছেন তারা।

রবিবার (১৩ ডিসেম্বর) স্বাস্থ্য সহকারীদের সংগঠন ‘বাংলাদেশ হেলথ অ্যাসিসট্যান্ট অ্যাসোসিয়েশন’ দাবি বাস্তবায়ন পরিষদের ব্যানারে ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে কর্মবিরতির সাময়িক সমাপ্তি ঘোষণা করে কাজে ফেরার কথা জানান স্বাস্থ্য সহকারীরা।

এ ব্যাপারে বাংলাদেশ হেলথ অ্যাসিসট্যান্ট অ্যাসোসিয়েশনের সভাপতি শেখ রবিউল আলম খোকন বলেন, ‘নিয়োগবিধি সংশোধন করে বেতন বৈষম্য নিরসনের দাবিতে গত ২৬ নভেম্বর থেকে কর্মবিরতিতে ছিলাম। গতকাল (শনিবার) স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালকের সঙ্গে বৈঠক হয়েছে। স্বাস্থ্য অধিদফতর ও মন্ত্রণালয় দ্রুততার সঙ্গে দাবি মেনে প্রজ্ঞাপনের আশ্বাস দিয়েছেন।’

তিনি আরও বলেন, ‘করোনা মহামারি প্রতিরোধে ভ্যাকসিন সংরক্ষণে সহযোগিতা, শিশু ও গর্ভবতী মায়েদের প্রতি মানবিক দায়বদ্ধতার কারণে ১৪ ডিসেম্বর থেকে কর্মবিরতি সাময়িক স্থগিত করা হলো। তবে স্বাস্থ্য সহকারী, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য পরিদর্শকদের যথাক্রমে ১৩, ১২, ১১ গ্রেডে পদায়নের দৃশ্যমান অগ্রগতি না হলে পরবর্তীতে কঠিন কর্মসূচি দেওয়া হবে।’

সভায় আরও বলা হয়, ইতোমধ্যে বিভিন্ন উপজেলায় শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে যাদের শোকজ করা হয়েছে তা বাতিল করতে হবে। চট্টগ্রামের রাউজান থেকে পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলায় বদলিকৃত স্বাস্থ্য সহকারী মো. হুমায়ুন রশিদ চৌধুরীর বদলি আদেশ প্রত্যাহার করতে হবে। কর্মবিরতি স্থগিতের পরও কারও বিরুদ্ধে কোনও হয়রানিমূলক

ব্যবস্থা গ্রহণ করা যাবে না।

প্রসঙ্গত, গত ১২ ডিসেম্বর থেকে শুরু হওয়া হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন আগামী ২৪ জানুয়ারি পর্যন্ত চলবে। স্বাস্থ্য সহকারীরা কর্মবিরতিতে থাকায় এই কার্যক্রম ব্যাহত হয়। টিকা ক্যাম্পেইনের আওতায় দেশের ৯ মাস থেকে শুরু করে ১০ বছরের কম বয়সী প্রায় তিন কোটি ৪০ লাখ শিশুকে টিকা দেওয়া হবে।